শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
দোয়ারাবাজার, সুনামগঞ্জ।
www.dowarabazar.sunamganj.gov.bd

| | |
|---|---|
| বিষয় | ঃ উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ মাসের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী। |
| সভাপতি | ঃ দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |
| সভার তারিখ | ঃ ২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ। |
| সময় | ঃ দুপুর ০২ .০০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জ্ঞাপন করেন। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার সভাপতির অনুমতিক্রমে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

মাননীয় সংসদ সদস্য, সুনামগঞ্জ-৫ ও উপজেলা পরিষদের সম্মানিত উপদেষ্টা জনাব মুহিবুর রহমান মানিক দোয়ারাবাজার উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যানদ্বয়, সকল ইউনিয়ন পরিষদের সম্মানিত চেয়ারম্যানগণ, সংরক্ষিত মহিলা সদস্যগণ এবং উপজেলা নির্বাহী অফিসার ও বিভাগীয় কর্মকর্তাগণসহ উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান।

তিনি আরো বলেন দোয়ারাবাজার উপজেলা ছাতক উপজেলাধীন ছিল, সেক্ষেত্রে এ উপজেলাটি নতুনই বলা চলে। কিন্তু উপজেলাটি নতুন হলেও উন্নয়নে কোন অংশে পিছিয়ে নেই। তিনি যখন ১৯৯৬ সালে প্রথম সংসদ সদস্য নির্বাচিত হন তখন এ উপজেলা কোন পাকা রাস্তা ছিল না। যে কোন ইউনিয়নে কোন অনুষ্ঠানে গেলে রাত্রী যাপন করতে হতো। সে অবস্থা থেকে এ উপজেলাকে উপজেলা সদরের সাথে এবং আন্তঃইউনিয়নে পাকা রাস্তা যোগাযোগ স্থাপন করা হয়েছে। নতুন নতুন রাস্তা নির্মাণ করে যোগাযোগ ব্যবস্থায় অভূতপূর্ব উন্নয়ন ঘটাতে করতে সক্ষম হয়েছেন মর্মে তিনি উল্লেখ করেন। এ উপজেলায় শিক্ষায় সবচেয়ে পিছিয়ে ছিল, তাই এ অঞ্চলের শিক্ষা ব্যবস্থা উন্নয়নে প্রতিটি ইউনিয়নে প্রথমে একাধিক মাধ্যমিক বিদ্যালয় পর্যায়ক্রমে প্রতিটি ইউনিয়নে একটি করে কলেজ স্থাপন করে ছেলে-মেয়েদের উচ্চ শিক্ষার ব্যবস্থা করা হয়েছে। তাছাড়া দোয়ারাবাজার কলেজকে ডিগ্রি কলেজ এবং বড়খাল স্কুল ও কলেজকে গত বছর ডিগ্রি কলেজে রুপান্তরিত করা হয়েছে। দোয়ারাবাজার টেকনিক্যাল স্কুল ও কলেজের ভবনের কাজ প্রায় শেষ পর্যায়ে, এ বছর থেকে ভর্তি কার্যক্রম শুরু হলে শিক্ষা ব্যবস্থা আরো প্রসারিত হবে মর্মে তিনি উল্লেখ করেন। এ উপজেলায় আগে পানি উন্নয়ন বোর্ড হতে বাঁধ নির্মাণে সামান্য পরিমাণ অর্থ পাওয়া যেত এবং হাওর অঞ্চলের প্রয়োজনীয় বাঁধ না দেওয়াতে কৃষকের মুখের হাসি সোনালী ফসল পাহাড়ী বন্যায় নিমিষেই বিলীন হয়ে যেত। সে অবস্থা থেকে এ উপজেলার গুরুত্বপূর্ণ বাঁধগুলো পানি উন্নয়ন বোর্ডে আওতায় এনে নতুন বাঁধ নির্মাণ এবং মেরামত করে ফসল রক্ষা করে এ উপজেলা খাদ্যে স্বয়ংসম্পূন্ন করা হয়েছে। দোয়ারাবাজারবাসীর দীর্ঘদিনের স্বপ্ন সুরমা ব্রিজ সরকার দুই বছর আগে কাজ সমাপ্ত করে চলাচলের জন্য উন্মুক্ত করা হলেও আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়নি। মাননীয় প্রধানমন্ত্রী অক্টোবর/২৩ অন্যান্য ব্রিজের সাথে এটিও উদ্বোধন করবেন। এ ব্রিজটি হওয়ায় উত্তর সুরমাবাসীর যোগাযোগ ব্যবস্থা উন্নত হয়েছে, ফলে ব্যবসা-বাণিজ্য বহুগুনে বৃদ্ধি পাবে। সুরমা নদীতে আরো ২টি ব্রিজ নির্মাণ হবে, একটি উপজেলা পরিষদের সামন হতে দোয়ারা-বড়কাপন রাস্তা সংযোগ অপরটি সাইডিং-ভোজনা মধ্যবর্তী স্থান হতে আজমপুর। তাছাড়া এ উপজেলায় কয়েকটি বড় ব্রিজের কাজ চলমান রয়েছে, খাসিয়ামারা নদীর আলীপুর ব্রিজ এবং নোয়াগাঁও খালে ব্রিজের কাজ চলমান রয়েছে। ইতিমধ্যে কয়েকটি ব্রিজের কাজ সমাপ্ত হয়েছে। খাসিয়ামারা নদীতে আরো ২টি ব্রিজ নির্মাণের অনুমোদন পাওয়া হয়েছে। লক্ষীপুর-সুরমার মধ্যবর্তী স্থানে একটি ব্রিজ এবং লক্ষীপুর ইউনিয়নে চানপুর গ্রামের খালে ১টি ব্রিজসহ আরো কয়েকটি ব্রিজের টেন্ডার করা হয়েছে। গত অর্থ বছরে অনেকগুলো কাজ টেন্ডার হয়েছে এবং এ বছরও অনেকগুলোর রাস্তা টেন্ডার হয়েছে। টেন্ডারকৃত কাজগুলো সুষ্ঠুভাবে সম্পন্ন হলে এ অঞ্চলের যোগাযোগ ব্যবস্থার উন্নতি হবে বলে তিনি উল্লেখ করেন।

মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন এ উপজেলায় কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ে আধুনিক ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। পর্যায়ক্রমে বাকী বিদ্যালয়গুলোতে আধুনিক ভবন নির্মাণ করা হবে মর্মে তিনি উল্লেখ করেন। যেসব বিদ্যালয়ের সীমানা প্রাচীর নেই পর্যায়ক্রমে সকল বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মাণ করা হবে। কয়েকটি মাধ্যমিক বিদ্যালয়ে ভবনের কাজও চলমান রয়েছে এবং কয়েকটি টেন্ডারের অপেক্ষায় আছে। তিনি উন্নয়নমূলক কাজগুলো যেন টেকসই ভাবে বাস্তবায়ন হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য সকলকে অনুরোধ জানান।

তিনি আরো বলেন জানুয়ারী/২৪ এ জাতীয় নির্বাচন, নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষ ভাবে অনুষ্ঠিত হবে। নির্বাচনের আগে হয়ত অক্টোবর/২৩ মাসের সভায় আপনাদের সাথে সভা করার সম্ভবনা রয়েছে। এ উপজেলায় প্রতিটি ইউনিয়নে কিছু কাজের ওয়াদা দেওয়া হয়েছে, সেগুলো পূরণ করার জন্য উপজেলার বরাদ্দ সকলের সহযোগিতা নিয়ে বন্টন করা হলে ওয়াদাকৃত কাজগুলো বাস্তবায়ন করা সম্ভব হবে মর্মে তিনি উল্লেখ করেন।

CamScanner

এরপর বিভাগওয়ারী নিম্নরূপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্র নং</th><th>বিভাগ</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>০১</td><td>যোগাযোগ ও ভৌত অবকাঠামো</td><td>ক) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, ২০২৩- ২০২৪ অর্থ বছরে এডিপির ১ম কিস্তিতে ২৮.৫৭ লক্ষ টাকা পাওয়া গেছে, ৪টি কিস্তিতে মোট ১,১৪,২৮,০০০.০০ টাকা পাওয়া যাবে মর্মে তিনি উল্লেখ করেন। উপজেলা পরিষদ রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের ১,০০,০০,০০০.০০ টাকাসহ মোট ২,১৪,২৮,০০০.০০ লক্ষ টাকার প্রকল্প গ্রহণ করা যাবে। তিনি দাখিলকৃত প্রকল্পগুলো সভায় উপস্থাপন করেন।</td><td>ক) মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শ এবং চেয়ারম্যান, উপেজেলা পরিষদ, ভাইস চেয়ারম্যানদ্বয়, ইউ/পি চেয়ারম্যানগণের প্রস্তবনা এবং উপজেলা প্রকল্প বাছাই কমিটি কর্তৃক নিম্নোক্ত প্রকল্পসমূহ জনস্বার্থে বাস্তবায়নের জন্য গৃহিত হয় এবং দ্রুত প্রাক্কলন প্রস্তুত করে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়।<br><br><u>বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) প্রকল্পসমূহ</u><br>
<table>
<tr><th>ইউনিয়নের নাম</th><th>প্রকল্পের নাম</th><th>বরাদ্দের পরিমাণ</th><th>বাস্তবায়নের পদ্ধতি</th></tr>
<tr><td>বাংলা বাজার</td><td>১। বাঘমারা ঈদগাহ মাঠের উন্নয়ন</td><td>৩,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>বাংলা বাজার</td><td>২। পাইকপাড়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন</td><td>৪,০০,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>বাংলা বাজার</td><td>৩। ছনোগাঁও সঃ প্রাঃ বিঃ অভিমুখে পাকা রাস্তা নির্মাণ</td><td>৪,০০,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>নরসিংপুর</td><td>৪।দ্বীনেরটুক দাখিল মদ্রাসা অভিমুখে রাস্তা পাকাকরণ</td><td>৩,০০,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>নরসিংপুর</td><td>৫। হান্নান মেম্বার বাড়ী অভিমুখে রাস্তা পাকাকরণ</td><td>৮,০০,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>নরসিংপুর</td><td>৬। চাইরগাঁও সঃ প্রাঃ বিঃ অভিমুখে পাকা রাস্তা নির্মাণ</td><td>৪,০০,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>নরসিংপুর</td><td>৭। নেতরছই গ্রাম অভিমুখে পাকা রাস্তা নির্মাণ</td><td>২,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
<tr><td>দোয়ারা বাজার</td><td>৮। মুক্তিযোদ্ধা সংসদ এর সেমিপাকা ভবন পুনঃসংস্কার</td><td>৫,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>দোয়ারা বাজার</td><td>৯। দোয়ারাবাজার ফিসশেড নির্মাণ</td><td>৪,৫০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>দোয়ারা বাজার</td><td>১০। জামেয়া এমদাদিয়া হাফিজিয়া মাছিমপুর মদ্রাসা উন্নয়ন</td><td>৩,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>দোয়ারা বাজার</td><td>১১। বাজিতপুর পশ্চিমপাড়া গ্রামের রাস্তায় ড্রেন কালভার্ট নির্মাণ</td><td>১,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
<tr><td>মান্নারগাঁও</td><td>১২। বিনয় তালুকদারের বাড়ী অভিমুখে রাস্তা পাকাকরণ</td><td>৩,৫০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>মান্নারগাঁও</td><td>১৩। দূর্গাপুর শ্মশান নির্মাণ</td><td>২,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
<tr><td>মান্নারগাঁও</td><td>১৪। আমবাড়ী উচ্চ বিদ্যালয়ে আসবাবপত্র সরবরাহ</td><td>২,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
<tr><td>মান্নারগাঁও</td><td>১৫। বসন্তপুর বদরপুর পশ্চিমাংশে আলমপুর রাস্তার সাথে সংযোগ সড়ক মেরামত</td><td>২,০০,০০০/-</td><td>পিআইসি</td></tr>
<tr><td>পান্ডার গাঁও</td><td>১৬। শ্রীপুর বাজার হতে পান্ডারগাঁও দক্ষিণ পাড়া অভিমুখে রাস্তা নির্মাণ</td><td>৬,০০,০০০/-</td><td>টেন্ডার (LTM)</td></tr>
<tr><td>পান্ডার গাঁও</td><td>১৭। হাজী রিফাত আলীর বাড়ী অভিমুখে রাস্তা পাকাকরণ</td><td>৪,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
<tr><td>দোহালিয়া</td><td>১৮। মিনা বাজার অভিমুখে রাস্তা সিসি দ্বারা পাকাকরণ</td><td>৫,০০,০০০/-</td><td>কোটেশন</td></tr>
</table></td><td></td></tr>
</table>

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | | | | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|---|---|
| | | | ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | বাস্তবায়নের পদ্ধতি | |
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | | দোহালিয়া | ১৯। নরেশ দাসের বাড়ী হতে কাঞ্চন দাসের বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ | ৫,০০,০০০/- | কোটেশন | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| | | | দোহালিয়া | ২০। রঘুরামপুর মোস্তাফা সাহেবের বাড়ী হতে ভবানীপুর অভিমুখে রাস্তা পাকাকরণ | ৫,০০,০০০/- | কোটেশন | |
| | | | দোহালিয়া | ২১। পানাইল নতুনপাড়া মোহাম্মদ ইসলাম জামে মসজিদ হতে সুকন মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ | ২,০০,০০০/- | পিআইসি | |
| | | | লক্ষীপুর | ২২। চক বাজার-লিয়াকতগঞ্জ রাস্তা হতে কালাইউড়া গ্রাম অভিমুখে রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন | ৫,০০,০০০/- | কোটেশন | |
| | | | লক্ষীপুর | ২৩। সিঙ্গের দাইর ব্রীজের এপ্রোচ মেরামত | ৩,০০,০০০/- | কোটেশন | |
| | | | লক্ষীপুর | ২৪। গুড়িগাঁও শাহজাহানের বাড়ীর পিছনের দিক হতে বীর মুক্তিযোদ্ধা মানিক মিয়ার বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ | ৪,০০,০০০/- | টেন্ডার (LTM) | |
| | | | লক্ষীপুর | ২৫। ভাঙ্গাপাড়া নুরুল হকের দোকান হতে নজরুলের বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ | ২,০০,০০০/- | পিআইসি | |
| | | | বোগলা | ২৬। ধর্মপুর গ্রামের রাস্তা এবং নোয়াডর গ্রামের রাস্তা সিসি দ্বারা উন্নয়ন | ৪,০০,০০০/- | কোটেশন | |
| | | | বোগলা | ২৭। মোল্লাপাড়া হাসিমের দোকান হতে ঈদগাঁহ পর্যন্ত ওয়ালসহ রাস্তা সিসি দ্বারা উন্নয়ন | ২,০০,০০০/- | পিআইসি | |
| | | | বোগলা | ২৮। গাছগাড়া থেকে কাঠাল বাড়ী পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন | ৫,০০,০০০/- | কোটেশন | |
| | | | বোগলা | ২৯। বাঘাহানা গ্রামের হারুনের বাড়ী সামনে এবং কাজী বাড়ীর নিকট ড্রেন কালভার্ট নির্মাণ | ২,০০,০০০/- | পিআইসি | |
| | | | সুরমা | ৩০। মহব্বতপুর বাজারের উত্তর পাশে বিনয় বাবুর বাড়ীর নিকটে কালভার্ট নির্মাণ | ৩,০০,০০০/- | কোটেশন | |
| | | | সুরমা | ৩১। আলীপুর সিরাজ মিয়ার বাড়ী হতে জালাল মিয়ার পর্যন্ত রাস্তা সিসি দ্বারা উন্নয়ন | ২,০০,০০০/- | পিআইসি | |
| | | | সুরমা | ৩২। দোয়ারাবাজার ব্রীজ হতে মহব্বতপুর বাজার পর্যন্ত রাস্তার বিভিন্ন ভাঙ্গা মেরামত | ৩,০০,০০০/- | কোটেশন | |
| | | | নারী উন্নয়ন ফোরাম | ৩৩। কর্মসংস্থানের লক্ষে কর্মজীবী মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ | ৩,৫০,০০০/- | কোটেশন | |
| | | | | | মোট -১,১৬,৫০,০০০/- | | |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | | **উপজেলা রাজস্ব উদ্বৃত্ত উন্নয়ন তহবিলের প্রকল্পসমূহ** | |

| ইউনিয়নের নাম | প্রকল্পের নাম | বরাদ্দের পরিমাণ | বাস্তবায়নের পদ্ধতি |
|---|---|---|---|
| বাংলা বাজার | ১। পালাইছড়া মসজিদ অভিমুখে পাকা রাস্তা নির্মাণ | ৮,০০,০০০/- | টেন্ডার (LTM) |
| বাংলা বাজার | ২। উচিত্তপুরগাঁও হতে আয়াত আলী মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ | ৭,০০,০০০/- | টেন্ডার (LTM) |
| নরসিংপুর | ৩। বীরেন্দ্রনগর গ্রামের রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন | ৯,০০,০০০/- | কোটেশন |
| দোয়ারা বাজার | ৪। খেয়াঘাট হতে দোয়ারাবাজার অভিমুখে রাস্তা গাইডওয়ালসহ পাকাকরণ | ১০,০০,০০০/- | কোটেশন |
| দোয়ারা বাজার | ৫। বাংলাদেশ স্কাউট, দোয়ারাজার উপজেলা শাখার উন্নয়ন | ১,০০,০০০/- | পিআইসি |
| মান্নারগাঁও | ৬। সাউদের গাঁও হাকিম আলীর বাড়ী হতে মছব্বির মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ (১ম অংশ) | ৭,৫০,০০০/- | কোটেশন |
| মান্নারগাঁও | ৭। সাউদের গাঁও হাকিম আলীর বাড়ী হতে মছব্বির মেম্বারের বাড়ী পর্যন্ত রাস্তা নির্মাণ (২য় অংশ) | ৭,৫০,০০০/- | কোটেশন |
| পান্ডার গাঁও | ৮। বড়কাপন রাস্তা হতে শ্রীপুর বধ্যভূমি অভিমুখে রাস্তা পাকাকরণ | ৬,০০,০০০/- | টেন্ডার (LTM) |
| পান্ডার গাঁও | ৯। আফসরনগর-চেংগাইয়া রাস্তা নির্মাণ | ৬,০০,০০০/- | কোটেশন |
| দোহালিয়া | ১০। কান্দাগাঁও গ্রামের রাস্তা পাকাকরণ | ১০,০০,০০০/- | কোটেশন |
| দোহালিয়া | ১১। ধর্মপুর জলিল চেয়ারম্যান এর বাড়ীর শেষ অংশ হতে করালী অভিমুখে রাস্তা পাকাকরণ | ৫,০০,০০০/- | কোটেশন |
| লক্ষীপুর | ১২। দেলোয়ারনগর মতিন মিয়ার বাড়ী হতে হাবিবুর রহমান এর বাড়ী পর্যন্ত রাস্তা পাকাকরণ | ৪,০০,০০০/- | টেন্ডার (LTM) |
| বোগলা | ১৩। নোয়াগাঁও সোনাছড়া ডাঃ হাফিজ উদ্দিনের বাড়ী পর্যন্ত রাস্তা আরসিসি দ্বারা উন্নয়ন | ৮,০০,০০০/- | কোটেশন |
| বোগলা | ১৪। কান্দাগাঁও বাজারের রাস্তা সিসি দ্বারা উন্নয়ন | ৪,০০,০০০/- | টেন্ডার (LTM) |
| সুরমা | ১৫। শরীফপুর গ্রামে মেইন রাস্তা মেরামতসহ সংস্কার | ৮,০০,০০০/- | কোটেশন |

মোট - ১,০১,০০,০০০/-

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | **খ)** উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, বাংলাবাজার ইউনিয়নের ঘিলাতলী নদীর উপর বহুপূর্বে লাফার্জ সিমেন্ট কোম্পানী লিঃ একটি বেইলী ব্রীজ স্থাপন করে করেছিল। ব্রীজটি অকেজো হয়ে যাওয়ার পর উক্ত স্থানে মাননীয় সংসদ | **খ)** এ বিষয়ে জনস্বার্থে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | যোগাযোগ ও ভৌত অবকাঠামো | সদস্য মহোদয় ৫১.০৬ মিটার আরসিসি গার্ডার ব্রীজ অনুমোদন করার ব্যবস্থা করেন। গার্ডার ব্রীজ অনুমোদনের পর যথারীতি দরপত্র আহবানের মাধ্যমে ঠিকাদার নিয়োগপূর্বক স্থানী সরকার প্রকৌশল অধিদপ্তর, দোয়ারাবাজার, সুনামগঞ্জ মূল ব্রীজের নির্মাণ কাজ সমাপ্ত করেন। ব্রীজের নির্মাণ কাজটি শুরু করার পূর্বে সংশ্লিষ্ট ঠিকাদার তাঁর নিজ খরচে কার্যস্থলে বিদ্যমান পুরাতন অকেজো বেইলী ব্রীজটি অপসারণ করেন। বর্তমানে ব্রীজের মূল কাজ শেষ হলেও এপ্রোচ রোড নির্মানের লক্ষ্যে সংশোধিত প্রাকলন প্রস্তুত করে এলজিইডি সদর দপ্তরে পাঠানো হয়েছে। কিন্তু অকেজো মালামাল কোথায় রক্ষিত আছে তা জানার জন্য কর্তৃপক্ষ জানতে চায়। বর্তমানে উক্ত ইউনিয়নের চেয়ারম্যান মহোদয় একটি প্রত্যয়ন পত্র দিয়েছেন। উক্ত অকেজো মালামাল কলাউড়া মাদ্রাসা গার্ডীং বডির নিকট সংরক্ষিত আছে (প্রত্যয়ন কপি সংযুক্ত)। অদ্য উপজেলা সাধারণ সভায় জনস্বার্থে বিষয়টি অন্তর্ভুক্ত করার জন্য উপস্থাপন করেন।<br>গ) উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজার জানান যে, উপজেলা পরিষদের বাসা-বাড়ীর গ্যাস লাইন অনেক পুরনো হওয়ায় পাইপ দিয়ে গ্যাস নির্গত হচ্ছে। প্রতি মাসে প্রায় ৩,০০০/- টাকা অতিরিক্ত বিল আসে, যা অতিরিক্ত। তাই উপজেলা পরিষদের গ্যাস লাইন মেরামত করা অতীব প্রয়োজন। তিনি গ্যাস লাইন মেরামতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | গ) উপজেলা পরিষদের গ্যাস লাইন মেরামতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ২,২০,০০০/- টাকা বরাদ্দ এবং কোটেশনের মাধ্যমে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী দোয়ারাবাজার সুনামগঞ্জ। |
| ০২ | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা | ক) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। ২০২৩-২৪ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দের বিপরীতে সংশ্লিষ্ট সকলকে পত্র দেওয়া হলেও অধ্যবধি প্রকল্প তালিকা পাওয়া যায় নাই। তাই জেলা কর্ণধার কমিটিতে অনুমোদনের জন্য প্রেরণ করা সম্ভব হয়নি। তিনি আরো বলেন এ উপজেলায় বীর মুক্তিযোদ্ধাদের জন্য গৃহ নির্মাণ প্রকল্পে ১ম ও ২য় পর্যায়ে ১০৮ টির মধ্যে ৮৯ টি বীরনিবাস এর কাজ চলমান রয়েছে। বীরনিবাস কাজের তদারকি করার | ২০২৩-২৪ অর্থ বছরে এ উপজেলায় গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা সাধারণ) এবং গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর সাধারণ) এর বরাদ্দের বিপরীতে সংশ্লিষ্ট সকলকে প্রকল্প দাখিলের জন্য অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দোয়ারাবাজার |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণকে বিশেষভাবে অনুরোধ জানান। তিনি আরো বলেন গত বন্যায় দোয়ারাবাজার উপজেলার বাংলাবাজার ইউনিয়নের ০৯ টি মুজিব বর্ষের ঘর সম্পূর্ণভাবে, ০৩টি আংশিক ভাবে এবং মান্নারগাঁও ইউনিয়নের ২টি মুজিব বর্ষের ঘর সম্পূর্ণভাবে ও ৬টি আংশিক ভাবে ক্ষতিগ্রস্থ হয়েছে। | | |
| ০৩ | মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার তাঁর পরিচয় প্রদান করে বলেন তাঁর বিভাগের কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে চলছে। গ্রীষ্মকালীন ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। শেখ রাসেল কম্পিউটার ল্যাব যেসব বিদ্যালয় ও মাদ্রাসায় নেই তার তালিকা প্রেরণ করা হয়েছে মর্মে তিনি সভায় জানান। | এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দোয়ারাবাজার |
| ০৪ | সমাজসেবা বিভাগ | ক) উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। ২০২৩-২৪ অর্থ বছরে বয়স্ক ও বিধবা ভাতার বরাদ্দের বিপরীতে অনলাইনে আবেদনের সময় সমাপ্ত হয়েছে। বয়স্ক ভাতার আবেদন পড়েছে ৩,৬৩৮টি, বিধবা ভাতার আবেদন পড়েছে ৩,৭৭৬ টি এবং প্রতিবন্ধি ভাতার আবেদন পড়েছে ৭৬১ টি। সারাদেশে বয়স্ক ভাতার বরাদ্দ ১ লক্ষ, বিধবা ভাতার বরাদ্দ ১ লক্ষ এবং প্রতিবন্ধি ভাতার বরাদ্দ ৫ লক্ষ ৩৫ হাজার। সে হিসাবে প্রতিবন্ধি ভাতার জন্য যারা আবেদন করেছেন তারা সবাই ভাতা পাওয়ার সম্ভবনা রয়েছে। কিন্তু বয়স্ক ও বিধবা ভাতার জন্য যারা আবেদন করেছেন তারা সবাই পাওয়ার সম্ভবনা খুবই ক্ষীণ। কারণ ২৬২ টি উপজেলা শতভাগ ভাতার আওতায় থাকার পরও ঐসব উপজেলা এ বরাদ্ধের আওতায় রয়েছে। ২০১৯ হতে বয়স্ক ও বিধবা ভাতার কোন বরাদ্দ না পাওয়ায় অনেকোই ভাতার পাওয়ার অফেক্ষোয় রয়েছে। তবে যারাবা অনলাইনে আবেদন করেছেন তারা পর্যায়ক্রমে ভাতা পাবেন মর্মে তিনি সভায় জানান। | ক) ভাতার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, দোয়ারাবাজার |
| ০৫ | খাদ্য বিভাগ | ক) চেয়ারম্যান, সুরমা ইউনিয়ন পরিষদ বলেন খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় ১৫ টাকা কেজি দরে ৩০ কেজি চাল ডিলারগণ কখন বিতরণ করেন তা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যনগণকে অবগত করা হয় না। এতে অনেক উপকারভোগী চাল দেওয়া খবর জানে না। ডিলার ঐসব উপকারভোগীর চাল নিজের কাছে রেখে পরে সেই চাল বাহিরে বিক্রি করে মর্মে তিনি সভায় জানান।<br>চেয়ারম্যান, বোগলাবাজার ইউনিয়ন পরিষদ বলেন খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় উপকারভোগীকে কার্ড দেওয়া হয়েছে তার দুই পৃষ্ঠাই শেষ হয়েছে, তাই নতুন কার্ড দেওয়ার জন্য অনুরোধ জানান। তিনি আরো বলেন ৩০ কেজি চালের বস্তা প্রদান করা হলে অনিয়ম কমবে, গত মাসে ৬০ কেজির মধ্যে ৫০ কেজি দিয়ে উপকারভোগী বিদায় করছেন মর্মে জানান। | ক) খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় চাল প্রদান কালে চেয়াম্যানগণের উপস্থিতি নিশ্চিত এবং উপকারভোগীর তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রদান করার জন্য প্রদানের উপজেলা খাদ্য কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয় এবং ট্যাক অফিসারগণ তাঁদের অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করার সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য কর্মকর্তা, দোয়ারাবাজার |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৫ | খাদ্য বিভাগ | মাননীয় সংসদ সদস্য মহোদয় বলেন খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় চাল প্রদান কালে চেয়াম্যানগণের উপস্থিতি নিশ্চিত এবং উপকারভোগীর তালিকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে প্রদান করার জন্য প্রদানের উপজেলা খাদ্য কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন সরকার কর্তৃক গরীব ও অসহায় মানুষের জন্য যেসব প্রণোদনা দিচ্ছে তা ইউনিয়ন পর্যায়ে সুষ্ঠু ও সুন্দর ভাবে বন্টন করার জন্য একজন ট্যাক অফিসার নিয়োগ করা হলেও অনেকেই তাঁর অর্পতি দায়িত্ব যথাযথ ভাবে পালন করছেন না মর্মে অনেক সময় অনিয়ম পরিলক্ষিত হচ্ছে, ফলে মানুষ তাদের অধিকার হতে বঞ্চিত হচ্ছে এবং লাভবান হচ্ছে একটি গোষ্টি। তাই ট্যাক অফিসারগণ তাঁদের অর্পতি দায়িত্ব যথাযথ ভাবে পালন করার অনুরোধ জানান।<br>উপজেলা খাদ্য কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন এ উপজেলার প্রতিটি ইউনিয়নে ২ জন করে সর্বমোট ১৮ জন খাদ্য বান্ধব কর্মসূচির ডিলার রয়েছেন। উক্ত খাতে সেপ্টেম্বরও অক্টোবর/২৩ ২ (দুই) মাসের বরাদ্দের ৪৪৮.০২০ মেঃটন চাল ইতিমধ্যে ডিলারগণের নিকট সরবরাহ করা হয়েছে। ডিলারগণ ভোক্তার মাথাপিছু একত্রে ৬০ কেজি চাল প্রতি কেজি ১৫/- দরে মোট ৯০০/- টাকায় বিক্রয় করবেন। ভোক্তার ছবি সম্বলিত চাল বিক্রয় মাষ্টাররোল ডিলারগণের নিকট সরবরাহ করা হয়েছে। সরকারী নির্দেশনা মোতাবেক চলতি মাসের ২২/০৯/২০২৩ তারিখের মধ্যে চাল বিক্রয় সম্পন্ন হয়েছে। তাছাড়া খাদ্য বান্ধব কর্মসূচির বর্তমান তালিকায় যে সকল ভোক্তা মৃত তাদের স্থলে নতুন ভোক্তা অন্তভূক্তি করার কার্যক্রম চলমান আছে। তাই সম্মানিত সকল ইউপি চেয়ারম্যান মহোদয়কে মৃত ব্যক্তির উপযুক্ত প্রমাণ সংযুক্ত করে নতুন ব্যক্তির নামের তালিকা ১০/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, দোয়ারাবাজার বরাবরে প্রেরণ করার জন্য অনুরোধ জানান। | | |
| ০৬ | কৃষি বিভাগ | ক) উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। আমন চাষের লক্ষমাত্রা অর্জন করা সম্ভব হয়েছে। আমন ছাষের পর প্রায় ৩ মাস জমি পতিত থাকে, এ অবস্থায় জমিগুলোতে সরিষা চাষ করা যেতে পারে। এ ক্ষেত্রে কৃষক পর্যায়ে বীজের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদানের অনুরোধ জানান। | ক) কৃষক পর্যায়ে সরিষা বীজ প্রদানের লক্ষ্যে উপজেলা পরিষদ হতে বরাদ্দ প্রদানের জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি অফিসার, দোয়ারাবাজার |
| ০৭ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | ক) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ের কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। দোয়ারাবাজার উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চক্ষু চিকিৎসা শুরু হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী অনলাইনে সারা দেশে এক সাথে ৪২ টি আই সেন্টার শুভ উদ্বোধন করবেন, উদ্বোধনের তারিখ | | |

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭ | স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ | এখনও নির্ধারণ করা হয়নি। তারিখ নির্ধারণ করা হলে তিনি সকলকে অবগত করবেন মর্মে জানান। তিনি আরো বলেন গত সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় দোহালিয়া উপ স্বাস্থ্য কেন্দ্রকে ১০ শয্যা হাসপাতালে রূপান্তরিত করার প্রস্তাব করেছিলেন। এ বিষয়ে তিনি স্বাস্থ্য অধিদপ্তরে যোগাযোগ করেন। তবে এখানে একটি বিষয় হলো অন্য কোন স্বাস্থ্য কেন্দ্র স্থাপন করতে হলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে নূন্যতম ১২ কিলোমিটার দূরত্ব থাকতে হবে। দোহালিয়া উপ স্বাস্থ্য কেন্দ্রের দূরত্ব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে অনেক কম হওয়ায় তা করা সম্ভব নয় মর্মে তিনি জানান। | ক) এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দোয়ারাবাজার |
| ০৮ | শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসির, দোয়ারাবাজার বলেন এ উপজেলার ২টি বিদ্যালয় কৃষ্ণনগর সরকারী প্রাথমিক বিদ্যালয় বঙ্গবন্ধু ফুটবল টুনামেন্ট ও সোনাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় বঙ্গমাতা ফুটবল টুনামেন্ট এ উপজেলা চ্যাম্পিয়ান হয়ে জেলা পর্যায়ে অংশ গ্রহন করে। জেলা পর্যায়ে সোনাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় বঙ্গমাতা ফুটবল টুনামেন্ট এ চ্যাম্পিয়ান হয়ে বিভাগীয় আসরে খেলার যোগ্যতা অর্জন করেছেন মর্মে তিনি জানান। তিনি খেলায় অংশ গ্রহণকারী ২টি বিদ্যালয়কে উপজেলা পরিষদ হতে আর্থিক সহযোগিতা করার অনুরোধ জানান। | উপজেলার কৃষ্ণনগর সরকারী প্রাথমিক বিদ্যালয় বঙ্গবন্ধু ফুটবল টুনামেন্ট এ উপজেলা চ্যাম্পিয়ান হয়ে জেলা পর্যায়ে অংশ গ্রহন করায় ব্যয় বাবদ ৩০,০০০/- টাকা এবং জেলা পর্যায়ে সোনাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয় বঙ্গমাতা ফুটবল টুনামেন্ট এ চ্যাম্পিয়ান হয়ে বিভাগীয় আসরে খেলায় অংশ গ্রহণ করায় ব্যয় বাবাদ ৭০,০০০/- টাকাসহ সর্বমোট ১,০০,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল/উপজেলা রাজস্ব উদ্ধৃত্ত উন্নয়ন তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত হয় এবং পিআইসির মাধ্যমে টাকা উত্তোলনের জন্য উপজেলা প্রকৌশলী, দোয়ারাবাজারকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |
| ০৯ | রাজস্ব তহবিল সংক্রান্ত | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন ২০২৩-২৪ অর্থ বছরের আগস্ট/২৩ মাসে মোট ১০ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২৩-২৪ অর্থ বছরের আগস্ট/২৩ মাসে মোট ০৬ দিন সরকারী কাজেও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন ২০২৩-২৪ অর্থ বছরের আগস্ট/২৩ মাসে মোট ০৬ দিন সরকারী কাজে ও জনস্বার্থে বিভিন্ন এলাকা ভ্রমণ করেন। তাঁর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার জন্য সভায় জানান।<br>খ) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দোয়ারাবাজার বলেন উপজেলা পরিষদ আগস্ট/২৩ মাসের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয় ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং মাসিক সাধারণ সভায় আপ্যায়ন ২৭,০০০/- টাকার ৫% ভ্যাট ১,৩৫০/- টাকা ও ৩% আয়কর ৮১০/- টাকাসহ মোট ২৯,৫৬৫/- (উনত্রিশ হাজার পাঁচশত পয়ষট্টি) টাকা এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ৪,৫১০/- টাকার ৭.৫% ভ্যাট ২২৬/- টাকা ও ৩% আয়কর ৯০/- টাকাসহ মোট ৪,৮২৬/- (চার হাজার আটশত ছাব্বিশ) টাকা ব্যয় | ক) চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর ভ্রমণ ও দৈনিক ভাতা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।<br>খ) উপজেলা পরিষদের জুন/২৩ মাসের আপ্যায়ন এবং অফিস সামগ্রী, ফটোকপি, পত্রিকা বিল ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ে ব্যয়িত অর্থ উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |

CamScanner

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৯ | রাজস্ব তহবিল সংক্রান্ত | হয়েছে। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান।<br>গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন তাঁর কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তা পদায়ন করা হয়েছে। তাঁর বসার জন্য একটি রুম সংস্কার করা হয়। এতে ভ্যাট ও আয়করসহ সর্বমোট ২২,৯০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয়িত টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | গ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার এ কার্যালয়ে প্রশাসনিক কর্মকর্তার রুম সংস্কার করণে ব্যয়িত ভ্যাট ও আয়করসহ সর্বমোট ২২,৯০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার দোয়ারাবাজার |
| | | ঘ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন জাতীয় স্থানীয় সরকার দিবস ১৭-১৯ সেপ্টেম্বর/২৩ খ্রিঃ ০৩ (তিন) দিন ব্যাপী উপজেলা পর্যায়ে পালন করা হয়। জাতীয় স্থানীয় সরকার দিবস উপলক্ষে উন্নয়ন মেলা, প্রদর্শনী, র‍্যালী ও আলোচনা অনুষ্ঠান করা হয়েছে। উক্ত অনুষ্ঠানের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ব্যয় করার নির্দেশনা রয়েছে। জাতীয় স্থানীয় সরকার দিবস উদযাপনে ব্যয়িত ২৫,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার অনুরোধ জানান। | ঘ) জাতীয় স্থানীয় সরকার দিবস ১৭-১৯ সেপ্টেম্বর/২৩ খ্রিঃ ০৩ (তিন) দিন ব্যাপী উন্নয়ন মেলা, প্রদর্শনী, র‍্যালী ও আলোচনা অনুষ্ঠানে ব্যয়িত ২৫,০০০/- টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে প্রদান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | ঙ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন এ উপজেলায় ০৩ জন (তিন) জন বীর মুক্তিযোদ্ধা মারা যাওয়ায় তাদের রাষ্ট্রীয় সম্মানের জন্য পুষ্পস্তবক এবং মোটরসাইকেল ভাড়া বাবদ ১২,০০০/- (বার হাজার) টাকা ব্যয় হয়। ব্যয়িত ১২,০০০/- (বার হাজার) টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | ঙ) দোয়ারাবাজার উপজেলার ০৩ জন (তিন) জন বীর মুক্তিযোদ্ধা মারা যাওয়ায় তাদের রাষ্ট্রীয় সম্মানের জন্য পুষ্পস্তবক এবং মোটরসাইকেল ভাড়া বাবদ ১২,০০০/- (বার হাজার) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | চ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন বলেন উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ০৩ টি এসি এবং অফিসের ০২ টি এসি সহ সর্বমোট ০৫ (পাঁচ) টি এসি মেরামত এবং সম্মেলন কক্ষের জন্য মেইন ট্রান্সফরমার হতে আলাদা লাইন সংযোগের জন্য তার ক্রয় ও মজুরি বাবদ ৬৯,০০০/- (উনসত্তর হাজার) টাকার ভ্যাট বাবদ ৬৯০০/- (ছয় হাজার নয়শত) টাকা এবং আয়কর বাবদ ২০৭০/- (দুই হাজার সত্তর) টাকা ব্যয় করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ক) নির্দেশনা মোতাবেক ব্যয়িত ৬৯,০০০/- টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। | চ) উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের ০৩ টি এসি এবং অফিসের ০২ টি এসি সহ সর্বমোট ০৫ (পাঁচ) টি এসি মেরামত এবং সম্মেলন কক্ষের জন্য মেইন ট্রান্সফরমার হতে আলাদা লাইন সংযোগের জন্য তার ক্রয় ও মজুরি বাবদ ৬৯,০০০/- (উনসত্তর হাজার) টাকার ভ্যাট বাবদ ৬৯০০/- (ছয় হাজার নয়শত) টাকা এবং আয়কর বাবদ ২০৭০/- (দুই হাজার সত্তর) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | | (ছ) উপজেলা নির্বাহী অফিসার, দোয়ারাবাজার বলেন আনসার সদস্যদের বাসভবন মেরামত ও রুমের পার্টিশন বাবদ ৩৪,৫০০/- (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা এবং ভ্যাট বাবদ ২৫৮৮/- (দুই হাজার পাঁচশত আটাশি) টাকা এবং আয়কর বাবদ ১০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা ব্যয় হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ,ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর অনুচ্ছেদ ৩ এর (ম) নির্দেশনা মোতাবেক উক্ত টাকা রাজস্ব তহবিল হতে প্রদানের জন্য অনুরোধ জানান। করেন। | (ছ) আনসার সদস্যদের বাসভবন মেরামত ও রুমের পার্টিশন বাবদ ৩৪,৫০০/- (চৌত্রিশ হাজার পাঁচশত) টাকা এবং ভ্যাট বাবদ ২৫৮৮/- (দুই হাজার পাঁচশত আটাশি) টাকা এবং আয়কর বাবদ ১০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহিত | |

CS CamScanner

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

২৭.০৯.২৩

(দেওয়ান আল তানভীর আশরাফী চৌধুরী)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দোয়ারাবাজার, সুনামগঞ্জ ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণ সভা

স্মারক নং- ০৫,৪৬.৯০৩৩.০০০.০৭.০০৫.২২-৬০ তারিখ ঃ- ২৭ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা-২২৮, সুনামগঞ্জ-০৫।

২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

৪। উপপরিচালক, স্থানীয় সরকার, সুনামগঞ্জ।

৫। জনাব/বেগম ........................................., ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৬। উপজেলা ...............................................অফিসার (সংশিষ্ট বিভাগ), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৭। চেয়ারম্যান, ...........................................ইউনিয়ন পরিষদ (সকল), দোয়ারাবাজার, সুনামগঞ্জ।

৮। জনাব.................................................................................................।

৯। উপজেলা টেকনিশিয়ান, দোয়ারাবাজার, সুনামগঞ্জ। তাঁকে কার্যবিবরণীর কপিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১০। সংরক্ষণ নথি

২৭/৯/২৩

(মোঃ ফজলে রাব্বানী চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
দোয়ারাবাজার, সুনামগঞ্জ
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
দোয়ারাবাজার উপজেলা পরিষদ।
e-mail : unodowarabazar@mopa.gov.bd
মোবাইল ঃ ০১৭৩০৩৩১০৮৮

CamScanner